

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সাকুলার লেটার নং-১৩/২০১১

০৮ পৌষ, ১৪১৮  
তারিখ : -----  
২২ ডিসেম্বর, ২০১১

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল বেসরকারী তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

বেসরকারী ব্যাংকসমূহের শহর ও পল্লী শাখার নীতিমালা প্রসংগে।

বেসরকারী ব্যাংকসমূহের নতুন শাখা খোলার ক্ষেত্রে শহর ও পল্লী এলাকা নির্ধারণ সংক্রান্ত বিআরপিডি সাকুলার লেটার নং-০২, তারিখ ০৯/০১/২০০৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

শহর এলাকার পাশাপাশি দেশের 'unbanked' এলাকার পশ্চাৎপদ জনগোষ্ঠিকে ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে পল্লী এলাকায় শাখা সম্প্রসারণের জন্য ব্যাংকসমূহের শহর ও পল্লী শাখা সম্পর্কিত বিদ্যমান নীতিমালা পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :-

- ১। এখন থেকে শহর ও পল্লী শাখার অনুপাত হবে ১ : ১;
- ২। সিটি কর্পোরেশন ও সব ধরনের পৌরসভায় স্থাপিত/স্থাপিতব্য ব্যাংক শাখা শহর শাখা হিসেবে গন্য হবে;
- ৩। সিটি কর্পোরেশন ও পৌরসভার বাইরে স্থাপিত/স্থাপিতব্য ব্যাংক শাখা পল্লী শাখা হিসেবে গন্য হবে;
- ৪। সিটি কর্পোরেশন বা পৌরসভার বাইরের কোন শহরতলীতে স্থাপিত শাখা নতুনভাবে সিটি কর্পোরেশন বা পৌরসভার আওতাভুক্ত হলে তখন থেকে তা শহর শাখা হিসেবে গন্য হবে;
- ৫। নতুন কোন পৌরসভার সৃষ্টি হলে সে পৌরসভায় স্থাপিত শাখাসমূহ শহর শাখা হিসেবে গন্য হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)  
মহাব্যবস্থাপক(চলতি দায়িত্বে)  
ফোনঃ ৭১২৫০২১